

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড উত্তাপের সময় মুসল্লী ব্যক্তির জন্য বৈধ আছে হাতে কঙ্কর ঠান্ডা করে তার উপর সাজদা করা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمُصلِّي تَبْرِيدَ الْحَصنَى بِيَدِهِ لِلسُّجُودِ عَلَيْهِ عِنْدَ شِدَّةِ الْحَرِّ

আরবী

2274 _ أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْحُمِدِ بْنُ جَعْفَرٍ عَنْ أَبِيهِ عَنْ تَمِيمِ بْنِ مَحْمُودٍ عَنْ عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ عَنْ أَبِيهِ عَنْ تَمِيمٍ بْنِ مَحْمُودٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِبْلٍ الْأَنْصَارِيِّ قَالَ:

سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَى عَنْ ثَلَاثِ خِصَالٍ فِي الصَّلَاةِ: عَنْ نَقْرَةِ الْغُرَابِ وَعَن افْتِرَاشِ السَّبُع وَأَنْ يُوطِنَ الرَّجُلُ المكان كما يوطن البعير.

الراوي: عَبْد الرَّحْمَنِ بْن شِبْلٍ الْأَنْصَارِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2274 | خلاصة حكم المحدث: حسن لغيره ـ ((المشكاة)) (902) , ((الصحيحة)) (181) , ((صحيح أبي داود)) (808) , ((التعليق الرغيب)) (1/ 181) , ((التعليق على ابن خزيمة)) (1/ 331).

বাংলা

২২৭৪. আব্দুর রহমান বিন শিবল আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি সালাতে তিনটি কাজ করতে নিষেধ করেছেন: (১) কাকের ন্যায় ঠোকর দিতে (২) হিংস্র প্রাণীর ন্যায় হাত বিছিয়ে দিতে (৩) মাসজিদে কোন স্থান নির্দিষ্ট করে নেওয়া, যেভাবে উট নিজের স্থান নির্দিষ্ট করে নেয়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪২৮; দারেমী: ১/৩০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৯১; ইবনু মাজাহ: ১৪২৯;



হাকিম: ১/২২৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩১৯; সুনান বাইহাকী: ২/১১৮; বাগাবী: ৬৬৬; আবূ দাউদ: ৮৬২; নাসাঈ: ২/২১৪-২১৫; আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হয়েছে সহীহ আল বুখারী: ৮২২; সহীহ মুসলিম: ৪৩৯; আবূ দাউদ: ৮৯৭; তিরমিযী: ২৭৬ প্রভৃতি কিতাবে।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৮১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু শিবল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন